## প্রতারণা কী?

**প্রতারণার অর্থ জালিয়াতি এবং জালিয়াতি একটি অপরাধ।**

প্রতারণার মাধ্যমে লোকজনকে ভয় দেখিয়ে বা নগদ অর্থ, পুরস্কার, পরিষেবা ও বিনিয়োগে কাল্পনিক উচ্চ আয়ের প্রতিশ্রুতি দিয়ে তাদের অর্থ ও ব্যক্তিগত বিবরণ সংক্রান্ত তথ্য জেনে নেওয়া হয়।

প্রতারকদের উদ্দেশ্য থাকে অন্যদেরকে তাদের ব্যক্তিগত তথ্য প্রকাশ করতে বাধ্য করা, তাদের তথ্য চুরি করা বা এমনকি তাদের মাধ্যমে স্বেচ্ছায় অর্থ প্রদান বা নগদ হস্তান্তর করানো।

## প্রতারণা সংক্রান্ত পরিসংখ্যান

**বছরে**

**£5–10**

**বিলিয়ন**

প্রতারণার জন্য যুক্তরাজ্যের (UK) অর্থনীতি থেকে খরচ হয় বছরে £5-10 বিলিয়ন

**53%**

65 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিরা প্রতারণার শিকার হয়েছেন

**5%**

জালিয়াতির শিকার হওয়া ব্যক্তি আইন প্রয়োগকারী সংস্থাকে বিষয়টি সম্পর্কে অভিযোগ জানান

**যে-কোনও ব্যক্তি তার সামাজিক অবস্থান নির্বিশেষে প্রতারণার শিকার হতে পারেন।**

**প্রতারণার পিছনে থাকা ব্যক্তিরা নির্মম লুণ্ঠনবাজ অপরাধী।**

## প্রতারিত হচ্ছেন কিনা, তা কীভাবে শনাক্ত করবেন?

নিচে দেওয়া পরিস্থিতিগুলি ধারণ করে এমন সমস্ত যোগাযোগের অর্থ প্রতারণা নয়, তবে আপনি যদি এমন কিছু পান, যা আপনাকে এই ক্রিয়াগুলির মধ্যে একটি সম্পাদন করার জন্য বলে, তাহলে আপনার সতর্ক হওয়া উচিত এবং বিশ্বস্ত বন্ধু বা আত্মীয়ের কাছ থেকে বিকল্প পরামর্শ নেওয়া উচিত:

### যে বিষয়গুলি সম্পর্কে সতর্ক হতে হবে

- আপনার সাথে যোগাযোগকারী ব্যক্তি আপনার কোনও কিছুতে জয়লাভ করা সংক্রান্ত তথ্য প্রকাশ করতে আপনার কাছে অর্থ চাইছেন।
- নিশ্চিত লটারি জেতার মতো সত্যিকারের প্রায় অবিশ্বাস্য অফার।
- দ্রুত প্রতিক্রিয়া জানাতে এভাবে চাপ দেওয়া "সীমিত অফার এখনই সাড়া দিন, দেরি করবেন না।"
- পরিবার বা বন্ধুদের কাছ থেকে যোগাযোগ গোপন রাখতে উৎসাহিত করা হয়।
- বিদেশে টাকা পাঠাতে বা আপনার টাকা অন্যের ব্যাঙ্ক অ্যাকাউন্টে নিয়ে যেতে বলা হয়।
- লিঙ্কগুলিতে ক্লিক করতে বা ইমেলের অ্যাটাচমেন্টগুলি খুলতে উৎসাহিত করা হয়।
- অজানা বা বিদেশী ফোন নম্বর থেকে আসা ফোন কল।



Friends Against SCAMS

## প্রতারণা সংক্রান্ত পরামর্শ



**প্রতারণার ফলে যুক্তরাজ্য (UK) জুড়ে লক্ষ-লক্ষ মানুষের জীবন প্রভাবিত হয়। যারা প্রতারণার শিকার হন, তারা প্রায়শই লজ্জা ও সামাজিক বিচ্ছিন্নতা অনুভব করেন।**

ফ্রেন্ডস এগেইনস্ট স্ক্যামস (Friends Against Scams) হল ন্যাশনাল ট্রেডিং স্ট্যান্ডার্ডস (NTS)-এর একটি প্রতারণা সংক্রান্ত দলগত উদ্যোগ, যার লক্ষ্য ব্যক্তিদেরকে প্রতারণার বিরুদ্ধে অবস্থান নিতে ক্ষমতায়নের মাধ্যমে প্রতারিত হওয়া থেকে রক্ষা করা এবং প্রতিরোধ করা।

NATIONAL TRADING STANDARDS
Scams Team

## বিভিন্ন ধরনের প্রতারণা কী-কী?

**ডাকযোগে হওয়া প্রতারণা**

ডাকযোগের মাধ্যমে হওয়া প্রচলিত প্রতারণার মধ্যে রয়েছে জাল লটারি ও প্রাইজ ড্র, বিনিয়োগের অফার, উত্তরাধিকার সূত্রে প্রাপ্য অভাবনীয় মূলধন, স্বাস্থ্য নিরাময় এবং ক্লেয়ারভয়েন্ট লেটার।

**টেলিফোনের মাধ্যমে হওয়া প্রতারণা**

টেলিফোনের মাধ্যমে হওয়া প্রচলিত প্রতারণার মধ্যে বিনিয়োগ, পেনশন বা কম্পিউটার সহায়তা প্রতারণা অন্তর্ভুক্ত।

যে ব্যক্তি কল করছেন, তিনি প্রায়শই অত্যন্ত পেশাদার হয়ে থাকেন এবং আপনার ব্যাঙ্ক, পুলিশ বা আপনার পরিচিত অন্য কোনও সংস্থার মতো বিশ্বস্ত সংস্থার কর্মী হওয়াড় ভান করতে পারেন। কলারের কাছে আপনার কিছু তথ্য থাকতে পারে যাতে সেগুলিকে সত্যি বলে মনে হয়।

**বাড়ি এসে প্রতারণা**

অপরাধীরা বৈধ ব্যবসায়িক ব্যক্তিদের পণ্য বা পরিষেবা বিক্রি করে, যা ত্রুটিপূর্ণ, অপ্রয়োজনীয়, অতিরিক্ত দামের, নিম্নমানের বা অস্তিত্বহীন।

**ইন্টারনেটের মাধ্যমে হওয়া প্রতারণা**

ব্যক্তিগত বিবরণ প্রকাশ করানোর মাধ্যমে আপনাকে প্রতারিত করার জন্য এমন কোনও ইমেল আপনার কাছে আসতে পারে, যা দেখে আপনার ব্যাঙ্ক বা অন্য সংস্থার কাছ থেকে এসেছে বলে মনে হতে পারে।

আপনাকে একটি লিঙ্কে ক্লিক করতে বলা হতে পারে, যা আপনাকে একটি জাল ওয়েবসাইটে নিয়ে যায়, যেখানে আপনাকে আপনার বিশদ বিবরণ লিখতে বলা হয়।

## কেন আমরা অনায়াসে প্রতারণার শিকার হই?

জালে জড়াতে ও প্রতারণার শিকার করতে, মাঝেমধ্যে অপরাধীরা একাকীত্ব, দুর্বলতা ও সামাজিক বিচ্ছিন্নতার উপর নির্ভর করে।

এমন অনেক ব্যক্তি আছেন, যারা ডিমেনশিয়ার মতো জ্ঞানীয় অভিজ্ঞান হারানোর মতো সমস্যায় ভুগে চলেছেন, যা তাদের বৈধ সুযোগ থেকে প্রতারণাকে আলাদা করার ক্ষমতাকে প্রভাবিত করতে পারে। এছাড়াও এমন অনেকে আছেন, যারা একাকী থাকেন বা সামাজিকভাবে বিচ্ছিন্ন, তাই প্রস্তাবটি আসল কিনা, সে বিষয়ে বিকল্প মতামত পেতে কারো কাছে যেতে পারেন না।

একবার কেউ কোনও জালিয়াতির প্রস্তাবে সাড়া দিলে, তাদের ব্যক্তিগত তথ্য অবিরতভাবে শেয়ার করা হয় এবং অন্য অপরাধীদের কাছে বিক্রি করা হয়, যারা প্রতারণাপূর্ণ মেল পাঠিয়ে, একাধিক ফোন কল করে অথবা বাড়িতে ভিজিট করার মাধ্যমে নিরলসভাবে তাদের লক্ষ্য করতে এই তথ্য ব্যবহার করে। এইভাবে তাদের জীবন সঞ্চয়ের দখল প্রতারকদের হাতে দিয়ে দিতে বিভ্রান্ত করা, ভয় দেখানো ও ধমক দেওয়া হয়।



Friends Against SCAMS

NATIONAL TRADING STANDARDS
Scams Team

## কীভাবে নিজেকে ও অন্যদের রক্ষা করবেন?

- অবাঞ্ছিত, অচেনা কলারদের ফোন ধরবেন না।
- যদি কোনও প্রস্তাব অবিশ্বাস্য রকমের সত্য বলে মনে হয়, তাহলে ধরে নেবেন এটি প্রতারণামূলক প্রস্তাব।
- সিদ্ধান্ত নিতে চাপ অনুভব করবেন না, আপনার সময় নিন এবং পরামর্শ গ্রহণ করুন।
- ডাকযোগে হওয়া প্রতারণা সম্পর্কে বুদ্ধিমান হোন, কোনও প্রকৃত কোম্পানি পুরস্কার দাবি করার জন্য অর্থ চাইবে না।
- আপনার ব্যক্তিগত বিবরণ নিরাপদ রাখুন, সর্বদা নিশ্চিত করুন যে, আপনি যার সাথে কথা বলছেন, তিনি প্রকৃত এবং একটি বৈধ কোম্পানির কর্মী।
- অনলাইন প্রযুক্তি সম্পর্কে সচেতন হোন, অপরাধীরা প্রকৃত কোম্পানিগুলিকে অনুলিপি করতে পারে, যদি আপনি নিশ্চিত না হন, তাহলে ইমেলে পাঠানো লিঙ্ক বা অ্যাটাচমেন্ট খুলবেন না।
- সন্দেহজনক বলে মনে হলে আপনার বিশ্বাসযোগ্য কারো সাথে কথা বলুন।
- যে কেউ প্রতারণার শিকার হতে পারেন। আপনি যদি প্রতারণা শনাক্ত করেন, তাহলে অতি অবশ্যই অভিযোগ জানান।

## আরও তথ্য পেতে

এখানে যান **www.FriendsAgainstScams.org.uk**

### ইংল্যান্ড ও ওয়েলস

**অভিযোগ:** 0300 123 2040 নম্বরে প্রতারণা সংক্রান্ত অভিযোগ (Action Fraud)-এ কথা বলুন
**পরামর্শ:** 0808 223 1133 নম্বরে নাগরিক পরামর্শ (Citizens Advice) -এ কথা বলুন

### স্কটল্যান্ড

**অভিযোগ:** 101 নম্বরে স্কটল্যান্ড পুলিশ (Police Scotland)-এ কল করুন
**পরামর্শ:** 0808 164 6000 নম্বরে Advice Direct-এ কথা বলুন

### নর্দার্ন আয়ারল্যান্ড

**অভিযোগ:** 0300 123 2040 নম্বরে প্রতারণা সংক্রান্ত অভিযোগ (Action Fraud)-এ কথা বলুন
**পরামর্শ:** 0300 123 6262 নম্বরে কনজিউমার লাইন (Consumerline)-এর সঙ্গে কথা বলুন